

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৭৪

আগরতলা, ১১ অক্টোবর, ২০১৯

আগরতলায় দুর্গাপ্রতিমা নিরঞ্জনের শোভাযাত্রা ‘মায়ের বিদায়’

ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আজ বিকেলে অনুষ্ঠিত হয় দুর্গাপ্রতিমা নিরঞ্জনের শোভাযাত্রা ‘মায়ের বিদায়’। রাজ্যে এই প্রথম আগরতলায় এমন অনুষ্ঠানের আয়োজন করা হলো। পোস্ট অফিস চৌমুহনি থেকে দশমীঘাট পর্যন্ত হাজার হাজার মানুষ রাস্তার দু’পাশে সমবেত হয়ে এই বর্ণাঢ্য শোভাযাত্রা প্রত্যক্ষ করেন।

‘মায়ের বিদায়’ শোভাযাত্রাকে কেন্দ্র করে আগরতলা সিটি সেন্টারের সামনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আয়োজিত অনুষ্ঠানের প্রধান অতিথি মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সংক্ষিপ্ত আলোচনার শুরুতে দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যবাসীকে এবং নিরাপত্তা বাহিনীগুলিকে শুভেচ্ছা, ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শুভ বিজয়াতে রাজ্যবাসীকে দুটো উপহার দিয়েছেন। টাকারজলা এবং বিলোনীয়াতে দুটো নবোদয় বিদ্যালয়। প্রতিটি বিদ্যালয় তৈরিতে ব্যয় হবে প্রায় ৪৫ কোটি টাকা করে। তাছাড়া আগামী ২০ অক্টোবর থেকে এয়ার এশিয়া কলকাতা-গৌহাটি-ইম্ফল-আগরতলার মধ্যে তিনটি বিমান পরিষেবা চালু করবে। কেন্দ্রীয় সরকার আজই নবোদয় বিদ্যালয় এবং বিমান পরিষেবা চালুর সিদ্ধান্ত নিয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় এবার ২২৫৫টির বেশি দুর্গাপূজা হয়েছে। এর আগে এমন নথিবদ্ধ পূজার সংখ্যা ছিলো ২২০০ এর কাছাকাছি। তিনি বলেন, এবার গ্রামীণ এলাকায় পূজা অনেক বেড়েছে। তাতেই প্রমাণিত গ্রামের মানুষ ভালো আছেন। মুখ্যমন্ত্রী আজ এই অনুষ্ঠানে অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন আগামী বছরগুলিতেও আমরা এমন অনুষ্ঠানের আয়োজন করবো।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইন্ডিয়া ফাউন্ডেশনের কর্ণধার রামমাধব। তিনি এই উদ্যোগের জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন, দুর্গাপূজা ও উৎসব আরও পরিবেশ বান্ধব করে তুলতে হবে। তিনি আশা প্রকাশ করেন আগরতলার এই অনুষ্ঠান পরবর্তী সময়ে সারা দেশের কাছে আকর্ষণীয় হয়ে উঠবে।

আজ এই অনুষ্ঠানে আমন্ত্রিত হয়ে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাস, কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী সান্তনা চাকমা, খাদ্যমন্ত্রী মনোজকান্তি দেব, সাংসদ প্রতিমা ভৌমিক, মুখ্যমন্ত্রীর সহধর্মিণী নিতি দেব সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। শোভাযাত্রা শুরু হওয়ার আগে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়।
